বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
সেচ ভবন, ৪র্থ তলা, ২২, মানিক মিয়া এভিনিউ, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
ফোনঃ ৯১১৭৮৬২, ৯১৩৬২৭৪, ৯১৩৬৪৯৫ফ্যাক্সঃ৮৮০-৯১২৭৫১৬, Email : birtanoffice@gmail.comWeb: www.birtan.gov.bd

স্মারক নং-১২.০৯.০০০০.০০১.২২.০০১.১৮-৭৭৫

তারিখঃ ১৭.১১.২০১৯ খ্রিষ্টাব্দ / ০৩.০৮.১৪২৬ বঙ্গাব্দ

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনষ্টিটিউট (বারটান) এর ০৬ নভেম্বর ২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	:	ঝরনা বেগম
সভার তারিখ ও সময়	:	**০৬ নভেম্বর ২০১৯ খ্রিঃ সকাল ১০:০০ ঘটিকা**
স্থান	:	বারটান সম্মেলন কক্ষ
উপস্থিতির তালিকা	:	সংযুক্ত "পরিশিষ্ট-ক"
ছক:	:	সংযুক্ত " পরিশিষ্ট খ"

আলোচনা ও সিদ্ধান্তঃ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সমন্বয় সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র: নং	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১.	**বিষয়: গবেষণা** আলোচনা: ২০১৮-১৯ অর্থ বছরের রাজস্ব খাতের গবেষণা/ উদ্ভাবনী খাতে বারটান কর্তৃক ১২টি গবেষণা কার্যক্রম পরিচালিত হচ্ছে। উক্ত গবেষণার মধ্যে ৫টি গবেষণার মাঠ পর্যায়ের কার্যক্রম ও তথ্য উপাত্ত বিশ্লেষণ-এর কাজ শেষ হয়েছে। এছাড়া ২০১৯-২০ অর্থবছরের জন্য গবেষণা প্রস্তাব আহবান করা হয়েছে।	(১) ৫টি গবেষণার কাজ ইতোমধ্যে শেষ হয়েছে গবেষণা কাজের বিষয়ে বিশেষজ্ঞ প্যানেলের সমন্বয়ে একটি Research Review Workshop এর আয়োজন করতে হবে। বাকী ৭টি গবেষণা কার্যক্রমের রিপোর্টসহ বিল ভাউচার সমন্বয়ের জন্য প্রধান কার্যালয়ে দাখিল করতে হবে। (২) ২০১৯-২০ অর্থ বছরের জন্য প্রাপ্ত গবেষণা প্রস্তাবসমূহ বারটান-এর কাজের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কি না তা পরীক্ষা করে উপস্থাপন করতে হবে।	মো: মাকছুদুল হক, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা

২.	**বিষয়: পুষ্টি বিষয়ক ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্স চালু করা।** **আলোচনা:** এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রস্তুতকৃত কোর্স কারিকুলাম-এ অন্তর্ভুক্ত বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। তিনি জানান কারিগরি বোর্ডের কারিকুলাম বিশেষজ্ঞ (কৃষি) কর্মকর্তার সাহায্য এটি আরও আপডেট করা হবে। উক্ত বিশেষজ্ঞ বিষয়টি পরীক্ষা করছেন। তিনি আরও জানান প্রস্তাবিত কারিকুলাম-এর বিষয়ে একজন পুষ্টি বিশেষজ্ঞ-এর মতামত গ্রহণ করার কথা থাকলেও কারিগরী বোর্ড এ কোন পুষ্টি বিশেষজ্ঞ না থাকায় এ মতামত গ্রহণ করা সম্ভব হয়নি। বিশেষজ্ঞের মতামত প্রাপ্তির পর রাজস্ব খাতের অর্থায়নে একটি কর্মশালা আয়োজন করে কারিকুলাম চূড়ান্ত করতে হবে। সভায় সল্প মেয়াদী সার্টিফিকেট কোর্সের বিষয়বস্তুর উপরে একটি খসড়া উপস্থাপন করা হয়। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জানান যে, গত মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী স্বল্প মেয়াদী কোর্সের শিরোনাম পরিবর্তন করা হয়েছে।	১. **পুষ্টি বিষয়ক ডিপ্লোমা কোর্স কারিকুলামটি বিশেষজ্ঞের মতামত গ্রহণ পূর্বক বিষয়টি চূড়ান্ত করার জন্য বারটান এর প্রধান কার্যালয়ে একটি ওয়ার্কশপ-এর আয়োজন করতে হবে।** ২. কারিগরি বোর্ডের কারিকুলাম বিশেষজ্ঞ (কৃষি) কর্মকর্তার সাহায্য **পুষ্টি বিষয়ক ডিপ্লোমা কোর্স কারিকুলামটি কি আপডেট করা হয়েছে** তা জানাতে হবে। ৩. সল্প মেয়াদী সার্টিফিকেট কোর্সের উপরেও একটি কর্মশালার আয়োজন করতে হবে।	পরিচালক, বারটান ড. মোহাম্মদ আবদুহ, অধ্যক্ষ এবং ড. মোহাম্মদ রাজু আহমেদ, উর্ধ্বতন প্রশিক্ষক
৩.	**বিষয়: প্রশিক্ষণ** **আলোচনা:** ১. রাজস্ব খাতের আওতায় প্রশিক্ষণের বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করা হয়নি। ২. সমন্বিত প্রকল্প এর প্রশিক্ষণের তথ্য সভাকে অবহিত করা হয়। সভায় জানানো হয় যে, ১২০ জনকে টিওটি প্রশিক্ষণ, ৬৬০ জনকে ৩ দিনের পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ এবং ৯ টি স্কুল ক্যাম্পেইন সম্পন্ন হয়েছে। ৩. অবকাঠামো প্রকল্পের বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করা হয়। সভায় উল্লেখ করা হয় যে, চলতি অর্থ বছরের ১১৩০ জনকে প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে ৪৮০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।	১. প্রতিমাসের সমন্বয় সভার পূর্বে এপিএর ক্যাটাগরী অনুযায়ী প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা এবং অর্জন এর বিস্তারিত তথ্য উপস্থাপন করতে হবে। ২. সমন্বিত প্রকল্প এর প্রশিক্ষণের লক্ষ্য এবং অর্জন এর হালনাগাদ তথ্য সমন্বয় সভার পূর্বে সমন্বয় সভার সমন্বয়ক-কে দিতে হবে এবং প্রাপ্ত তথ্য সভায় উপস্থাপন করতে হবে। ৩. অবকাঠামো প্রকল্প এর প্রশিক্ষণের হালনাগাদ তথ্য সমন্বয় সভার পূর্বে সমন্বয় সভার সমন্বয়ক-কে দিতে হবে এবং প্রাপ্ত তথ্য সভায় উপস্থাপন করতে হবে।	১. ড. মোহাম্মদ আবদুহ, অধ্যক্ষ এবং ড. মোহাম্মদ রাজু আহমেদ, উর্ধ্বতন প্রশিক্ষক এবং ২. জ্যোতি লাল বড়ুয়া, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (চ: দা:) ৩. সহকারী প্রকল্প পরিচালক
৪.	**বিষয়: প্রশাসনিক বিষয়।** **আলোচনা: বারটান-এর নিয়োগ বিষয়ে সভাকে অবহিত করা হয় যে, অক্টোবর ২০১৯ মাসের ২৫ তারিখে নিয়োগের জন্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হয়েছে।** **বাজেট :** **সভায় ২০১৯-২০ অর্থ বছরের বরাদ্দকৃত বিভিন্ন খাতের ব্যয় বিষয়ে আলোচনা করা হয় । সভাকে অবহিত করা হয় যে, বেশকিছু খাতে অর্থ অব্যয়িত রয়েছে।** বাজেটের বিভিন্ন খাতে যে বরাদ্দ রয়েছে তা বিশ্লেষণ করে কোন কোন খাতে ক্রয় করা উচিৎ তা পরীক্ষা করে দ্রুত ক্রয়ের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম	প্রধান কার্যালয় ও আঞ্চলিক কার্যালয় হতে ক্রয় সংক্রান্ত চাহিদা সংগ্রহপূর্বক বিধি মোতাবেক ক্রয়ের উদ্যোগ গ্রহণ করতে হবে।	পরিচালক, মো: মাকছুদুল হক, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রোগ্রামার

	গ্রহণের উপর গুরুত্বারোপ করা হয়।		
৫.	**বিষয়: ইনোভেশন** **আলোচনা:** সভাকে অবহিত করা হয় যে, ইনোভেশন কমিটি পুনর্গঠন করা হয়েছে। বারটান-এর কর্মকর্তাগণের নিকট নতুন আইডিয়া আহ্বান করা হলে তারা কিছু আইডিয়া দিয়েছেন। এ আইডিয়াসমূহ ইনোভেশন কমিটির সভায় পরীক্ষা করা হচ্ছে।	প্রাপ্ত নতুন আইডিয়াসমূহ ইনোভেশন কমিটির সভায় পরীক্ষা পূর্বক আইডিয়াসমূহ পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	ফোকাল পয়েন্ট, ইনোভেশন কমিটি
৬.	**বিষয়: প্রতিবেদন** **আলোচনা:** সকল ধরনের প্রতিবেদন সঠিক সময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়াও যে কোন প্রতিবেদন নথিতে নিষ্পন্ন করা হলেও তা ই-নথির মাধ্যমে প্রেরণ করার উপর গুরুত্ব আরোপ করা হয়।	মন্ত্রণালয় বা অন্য যে কোনো দপ্তরে প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। পরবর্তীতে উক্ত নিষ্পন্নকৃত নথির তথ্যাদি ই-নথির মাধ্যমেও সম্পন্ন করতে হবে।	সকল কর্মকর্তা/কর্মচারী
৭.	**বিষয়: এসডিজি** আলোচনা: এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তা কৃষি মন্ত্রণালয় এবং বারটান কর্তৃক এসডিজি বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে পাওয়ার পয়েন্ট উপস্থাপনা করেন। এছাড়া এসডিজি সম্পর্কিত মন্ত্রণালয়ের বিশেষ প্রতিবেদনে চাহিত তথ্যাদি পূরণের লক্ষ্যে একটি সভা করা হয়েছে এবং সভার মতামত অনুযায়ী ইতিমধ্যে প্রতিবেদন তৈরী করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।	এসডিজি বিষয়ক তথ্যাদি সময়মত মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	তাসনীমা মাহ্জাবীন উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
৮.	**বিষয়: বারটান এর সাথে সরকারি/ আন্তর্জাতিক সংস্থার সঙ্গে সমন্বয় সাধন** আলোচনা: বিশ্ব খাদ্য সংস্থা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সাথে সমন্বিত ভাবে স্কুল মিল কার্যক্রমের জন্য রাঁধুনীদের প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ ম্যানুয়ালের কাজ শেষ করে বিশ্ব খাদ্য সংস্থার নিকট হস্তান্তর করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।	স্কুল মিল বিষয়ক প্রয়োজনীয় কার্যক্রম সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে সম্পন্ন করতে হবে।	তাসনীমা মাহ্জাবীন, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
৯.	**বিষয়: ই-নথি** আলোচনা: **বারটান অফিসে অন্যান্য অফিস থেকে আগত ডাক ই-নথি সিস্টেমে আপলোড** চলমান আছে **এবং** প্রমাণক হিসেবে **রেজিস্টার**ে লিপিবদ্ধ রাখা হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হয়।	(১) প্রশাসনিক সকল কার্যক্রম যথাসম্ভব ই-নথির মাধ্যমে সম্পন্ন করতে হবে। (২) প্রোগ্রামার, বারটান আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাদের জন্য ই-নথির বিষয়ে ইন হাউজ প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করবেন।	(ক) সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (খ) এ.কে.এম. মোস্তফা কামাল হাবিব, প্রোগ্রামার

১০.	**বিষয়: আইসিটি** আলোচনা: সভায় প্রস্তাবনায় জানান যে, কর্মকর্তা প্রশিক্ষক-প্রশিক্ষণ (টিওটি) -এ মনোনীত **প্রশিক্ষণার্থীর** অনলাইন নিবন্ধন ব্যবস্থা চালু করা হয়েছে। সমন্বিত প্রকল্প-এর অধীনে পরিচালিত ৩৪তম ব্যাচে ৩০ জন প্রশিক্ষণার্থীর নিবন্ধন অনলাইন সিস্টেমে সম্পন্ন করা হয়েছে।	প্রশিক্ষণার্থী নিবন্ধন কার্যক্রম চলমান থাকবে।	এ.কে.এম. মোস্তফা কামাল হাবিব, প্রোগ্রামার এবং সৈয়দ সাবিবর আহমেদ, পিআরও
১১.	**বিষয়: ওয়েবসাইট** আলোচনা: সভাকে অবহিত করা হয় যে, নভেম্বর মাসে ওয়েবসাইটে ১৭৯টি কন্টেন্ট আপলোড করা হয়েছে। ওয়েবসাইটে আপলোডকৃত পত্রের সংখ্যা বৃদ্ধির জন্য সকল কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।	সকল পত্র ওয়েবসাইটে আপলোড করতে হবে। এ জন্য অফিস স্মারক সম্বলিত পত্রের কপি আইসিটি শাখায় প্রেরণ করতে হবে।	সকল কর্মকর্তা এবং এ.কে.এম. মোসত্মফা কামাল হাবিব, প্রোগ্রামার
১২.	**প্রকল্প: বারটান এর অবকাঠামো নির্মাণ ও কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্প এর অগ্রগতি বিষয়ক আলোচনা।** আলোচনা: প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব) প্রকল্পের অবকাঠামো নির্মাণ কাজের অগ্রগতি সভায় তুলে ধরেন। তিনি জানান যে, বর্তমানে প্রকল্পের অধিকাংশ অবকাঠামোর ফিনিশিং কাজ চলছে। তিনি এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। ১. প্রকল্পে নির্ধারিত এবং ক্রয় যোগ্য অবশিষ্ট আসবাপত্রের কার্যাদেশ ২৩/০৯/১৯ খ্রি. তারিখে বিএফআইডিসিকে প্রদান করা হয়েছে। এ সকল আসবাবপত্র তৈরী-সরবরাহে তিন মাস সময় লাগবে মর্মে বিএফআইডিসি জানিয়েছে। ২. প্রকল্প পরিচালক আরও জানান ক্যামরা, ল্যাপটপ এবং কম্পিউটার এর ক্রয় কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে চলতি মাসে মালামাল সরবরাহের কাজ সম্পন্ন হবে। ৩. গবেষণাগারের ভারী যন্ত্রটি উপজেলা নির্বাহী প্রকৌশলী, এলজিইডি কর্তৃক প্রস্তাবমতে জানালা দিয়ে ক্রেন ব্যবহার করে তোলার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ৪. বারটান এর আড়াইহাজার প্রধান কার্যালয় পরিদর্শনের পূর্বে সংশিস্নষ্ট প্রকৌশলী উপস্থিত থাকার বিষয়ে আলোচনা হয়। ৫. পরিদর্শনকালীন সময়ে আড়াইহাজার এ পরিলক্ষিত সমস্যা সমূহ ফিল্ডের রেজিস্টার বইয়ে লিপিবদ্ধ করা যেতে পারে	□ পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। ১. কার্যক্রমটি সঠিক ভাবে পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রাখতে হবে। ২. পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলমান থাকবে। ৩. কার্যক্রমটি সঠিক ভাবে ফলোআপ করতে হবে। ৪. বারটান এর আড়াইহাজার প্রধান কার্যালয় পরিদর্শনের চিঠি সংশ্লিষ্ট প্রকৌশলীর নিকট প্রেরণ করতেহবে। ৫. পরিদর্শনকালীন সময়ে সংশ্লিষ্ট কর্মকর্তা বিষয়টি ফলোআপ করবেন।	প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব), অবকাঠামো নির্মাণ ও কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্প এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ

	বিবিধ **আলোচনা: পেন্ডিং চিঠি** ১. এ বিষয়ে সমন্বয়ক সভাকে জানান যে, পেন্ডিং কাজের চিঠি মোট ৪টি বিভাগ এর ১৮টি শাখার মধ্যে মাত্র ৬টি শাখার প্রতিবেদন পাওয়া গিয়েছে। বাকী ১২টি শাখা থেকে কোন প্রতিবেদন পাওয়া যায়নি। তিনি এবিষয়ে একটি ছক উপস্থাপন করেন। ২. দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা জানান যে, বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে এবং এপিএ চুক্তি অনুযায়ী বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশের যে তারিখ নির্ধারিত ছিল তার পূর্বেই ১৪/১০/২০১৯ খ্রিঃ তারিখে বারটান এর ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।	১. সকল কর্মকর্তা শাখা অনুযায়ী নির্ধারিত ছকে প্রতি মাসের ৫ তারিখের মধ্যে কাজের তথ্য নিধর্ধারিত ছক এবং ইমেইলে (cmbirtan@gmail.com, নিকস ফন্টে) প্রেরণ করবেন। এছাড়া সমন্বয় সভার সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট হার্ড কপি স্বাক্ষর সহ প্রেরণ করতে হবে । ২. বার্ষিক প্রতিবেদন প্রিন্টিং এর ব্যবস্থা দ্রুত গ্রহণ করতে হবে।	১. শাখার সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ২. পরিচালক, বারটান
	৩. ল্যাব এর যন্ত্রাংশ পরিবীক্ষণের জন্য উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা এবং বৈজ্ঞানিক কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠনের বিষয়ে আলোচনা করা হয়। এবিষয়ে সভাকে জানাননো হয় ভবনে এখনও বৈদ্যুতিক সংযোগ সম্পন্ন না হওয়ায় কমিটি প্রস্তুত করা হয়নি । ৪. যে সকল আঞ্চলিক কার্যালয়ে টেলিফোনের ল্যান্ড লাইন নেই সে সকল আঞ্চলিক কর্মকর্তাবৃন্দ প্রধান কার্যালয়ে এতদসংক্রান্ত কোন এস্টিমেট প্রেরণ করেনি। ৫. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জানান এব্যাপারে Bangladesh Institute of ICT in Development (BIID)'র সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করা হয়েছে এবং তারা নিয়ম অনুযায়ী সাহায্য করতে সম্মত আছেন।	৩. অবিলম্বে কমিটি গঠন করতে হবে। ৪. সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাদেরকে এ বিষয়ে তাগিদ পত্র প্রদান করতে হবে। ৫. পরবর্তী সভায় অগ্রগতি বিষয়ে জানাতে হবে।	৩.পরিচালক, বারটান ৪. প্রশাসনিক কর্মকর্তা ৫.প্রিন্স বিশ্বাস, বৈজ্ঞানিক কর্মকর্তা

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ঝরনা বেগম)
নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব)

অনুলিপিঃ

১. যুগ্মসচিব ও প্রকল্প পরিচালক, বারটান এর অবকাঠামো নির্মান ও কার্যক্রম শক্তিশালীকরন প্রকল্প, সেচ ভবন, ঢাকা।
২. পরিচালক(যুগ্মসচিক) বারটান, প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা
৩. অধ্যক্ষ, বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা।
৪. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (চঃ দাঃ) সকল, বারটান, ঢাকা।
৫. উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা।
৬. উর্দ্ধতন প্রশিক্ষক, বারটান, ঢাকা।
৭. প্রোগ্রামার, আইসিটি সেল, বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]
৮. বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা।
৯. জনসংযোগ র্কমকর্তা, প্রধান কার্যালয়,বারটান , ঢাকা।
১০. প্রশাসনিক কর্মকর্তা, বারটান, ঢাকা।
১১. হিসাব শাখা/অফিস কপি/সংশিম্নষ্ট নথি, বারটান, ঢাকা।

(তাসনীমা মাহ্জাবীন)
উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা